

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/ ২৭ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৪৮-আইন/২০০৭/২১৪৭/শুল্ক।— The Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19(1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ৯ জুন, ২০০৫ খ্রিস্টাব্দ মোতাবেক ২৬ জৈষ্ঠ্য, ১৪১২ বঙ্গাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৬৮-আইন/২০০৫/২০৮৩/শুল্ক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) এ উল্লিখিত -

(ক) Heading No. 21.02 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ Heading No. এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথাঃ-

“23.09 2309.90.00 Other poultry/animal feed”

(খ) Heading No. 30.04 এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত এন্ট্রি “3004.90.90” এর পরিবর্তে এন্ট্রি “3004.90.99” প্রতিস্থাপিত হইবে;

(গ) Heading No. 38.08 এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত এন্ট্রি “3808.40.10” এর পরিবর্তে এন্ট্রি “3808.94.10” প্রতিস্থাপিত হইবে; এবং

(ঘ) Heading No. 38.08 এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত এন্ট্রি “3808.90.10” এর পরিবর্তে এন্ট্রি “3808.99.10” প্রতিস্থাপিত হইবে।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০০৭ খ্রীষ্টাব্দ/১৭ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(বদিউর রহমান)
সচিব।